দৈনিক সংবাদ

তারিখ ... 01 AUG 1995 ...
পৃষ্ঠা ১ কলাম ৫

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

৩৭

ঢাকা বিশ্ববিদ্যালয়

# সূর্যাস্ত আইন বাতিল হল চুক্তি সই

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ছাত্রী হলসমূহের সূর্যাস্ত আইন অবশেষে বাতিল করেছেন।

এ ব্যাপারে গত রোববার রাতে বিশ্ববিদ্যালয় উপাচার্য, প্রক্টর ও ৩টি ছাত্রী হলের প্রভোস্টদের সাথে ছাত্রী নেতৃবৃন্দের এক বৈঠকে একটি চুক্তি সই হয়। আজ থেকে এ চুক্তি কার্যকর হবে।

চুক্তি অনুযায়ী শীতকালে ছাত্রী হল-গুলোর গেট সন্ধ্যা ৭টা পর্যন্ত ও গ্রীষ্মকালে রাত ৮টা পর্যন্ত খোলা থাকবে। তবে ছাত্রীরা রাত ৯টা পর্যন্ত হলে প্রবেশ করতে

আইন ঃ পৃঃ ১২ কঃ ২

## আইন ঃ বাতিল হলো

(১ম পৃষ্ঠার পর)

পারবে। কোন ছাত্রী হলে দেরিতে ফিরতে চাইলে কিংবা হলের বাইরে রাত্রীযাপন করতে চাইলে হল কর্তৃপক্ষকে তা জানাতে হবে এবং এ সংক্রান্ত একটি ফরম পূরণ করতে হবে। এছাড়া প্রতিটি ছাত্রীর ঢাকায় একজন স্থানীয় অভিভাবক থাকতে হবে।

দীর্ঘদিন ধরে ছাত্রীরা সূর্যাস্ত আইন বাতিলের দাবিতে আন্দোলন করছিল। এ ব্যাপারে ছাত্রীদের সাথে কয়েকবার বিশ্ব-বিদ্যালয় কর্তৃপক্ষ ও ছাত্র সংগঠনসমূহের নেতৃবৃন্দের আলোচনা হয়েছে। অবশেষে কর্তৃপক্ষ ছাত্রীদের সাথে সমঝোতার মাধ্যমে একটি চুক্তিতে উন্নীত হয়েছে যা আজ থেকে কার্যকর হবে।